
# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

## ট্যাগ অফিসার ম্যানুয়াল

### ব্যবহারিক নির্দেশিকা

১. এই ম্যানুয়ালটি বাংলাদেশ সরকারের অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তরের Tag Officer-দের জন্য প্রণীত হয়েছে Tag Officer-গণ এই সিস্টেম ব্যবহার করে বিভিন্ন ফিলিং স্টেশনে সরবরাহকৃত জ্বালানি তেল ও সংশ্লিষ্ট সামগ্রীর তথ্য সঠিকভাবে সংরক্ষণ, পর্যবেক্ষণ এবং প্রতিবেদন প্রস্তুত করতে পারবেন। Tag Officer যখন নির্ধারিত ফিলিং স্টেশন পরিদর্শনে যাবেন, তখন সংশ্লিষ্ট ডিপু হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার জ্বালানি তেল যেমন— অক্টেন, পেট্রোল, ডিজেল এবং অন্যান্য জ্বালানি বা সামগ্রীর পরিমাণ এই সিস্টেমে এন্ট্রি করবেন এন্ট্রিকৃত তথ্যের ভিত্তিতে সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত পরিমাণ ও বর্তমান মজুদের মধ্যে পার্থক্য (Difference) নির্ণয় করবে, যা রিপোর্ট আকারে প্রদর্শিত হবে উক্ত রিপোর্টসমূহ Tag Officer নিজে পর্যালোচনা করতে পারবেন এবং প্রশাসনিক (Admin) পর্যায় থেকেও তা পর্যবেক্ষণ করা যাবে। এছাড়াও, Tag Officer-গণ তাদের ব্যক্তিগত প্রোফাইল সংক্রান্ত তথ্য এই সিস্টেমের মাধ্যমে দেখতে পারবেন। এই সিস্টেমের মূল উদ্দেশ্য হলো ফিলিং স্টেশনসমূহে জ্বালানি তেলের সঠিক হিসাব সংরক্ষণ, স্বচ্ছতা নিশ্চিত করা এবং কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি করা।

## ২. লগইন পেজ (Login Page)





এখানে নির্ধারিত মোবাইল নম্বর অথবা ইমেইল ঠিকানা প্রদান করুন।

এখানে নির্ধারিত Password প্রদান করুন।

লগইন পেজে নির্ধারিত Tag Officer-এর নিবন্ধিত মোবাইল নম্বর এবং Password প্রদান করতে হবে সঠিক মোবাইল নম্বর ও Password প্রদান করে Tag Officer সিস্টেমে লগইন করতে পারবেন।


# ৩. ড্যাশবোর্ড (Dashboard)





ড্যাশবোর্ড পেজে Tag Officer নির্ধারিত ফিলিং স্টেশনের আজকের জ্বালানি সংক্রান্ত সারসংক্ষেপ (Summary)দেখতে পারবেন। এই পেজে আজকের মজুদ (Stock), প্রাপ্তি (Received), বিক্রয় (Sales), পার্থক্য (Difference) এবং শতকরা হার (Percentage) অনুযায়ী অক্টেন, পেট্রোল, ডিজেল ও অন্যান্য জ্বালানির পরিমাণ প্রদর্শিত হয়।

- Tag Officer উপরের Filling Station তালিকা থেকে নির্ধারিত ফিলিং স্টেশন নির্বাচন করতে পারবেন।
- Location এবং Date স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত থাকবে এবং তা পরিবর্তন করা যাবে না।
- Date সর্বদা বর্তমান দিনের তারিখ স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন করবে।
- নির্বাচিত ফিলিং স্টেশনের ভিত্তিতে নিচে আজকের Stock, Received, Sales, Difference এবং Percentage তথ্য দেখা যাবে।

## ৪. সেলস রিপোর্ট (Sales Report / Saved Reports)





এই পেজে Tag Officer প্রতিদিনের জ্বালানি সংক্রান্ত তথ্য এন্ট্রি করবেন।
এখানে পূর্ববর্তী দিনের Previous Stock স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে এবং Tag Officer ডিপো হতে প্রাপ্ত জ্বালানি, স্টেশনে গ্রহণকৃত পরিমাণ এবং দৈনিক বিক্রয়ের তথ্য এন্ট্রি করবেন সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে Difference নির্ণয় করবে এবং Closing Stock প্রদর্শন করবে।




এই পেজে Tag Officer কর্তৃক পূর্বে সংরক্ষিত (Saved) দৈনিক জ্বালানি রিপোর্টসমূহ স্বয়ংক্রিয়ভাবে টেবিল আকারে প্রদর্শিত হবে। এখান থেকে Tag Officer নির্ধারিত ফিলিং স্টেশনের প্রতিদিনের জ্বালানির হিসাব, মজুদ এবং স্টকের অবস্থা (Status) দেখতে পারবেন।

## ৫. প্রোফাইল (Profile)




এই পেজে ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্য ও প্রোফাইল ছবি দেখা ও প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করা যাবে তথ্য পরিবর্তন শেষে Save Changes বাটনে ক্লিক করে সংরক্ষণ করতে হবে।

# ধন্যবাদ